



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

সভার কার্যবিবরণী

সভাপতি ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব
সভার তারিখ ০৫/১২/২০২১ খ্রিঃ
সভার সময় বিকাল ৩ঃ৩০ ঘটিকা
স্থান ভারুয়াল প্ল্যাটফর্ম
উপস্থিতি অনলাইন জুম

সভার প্রারম্ভে সভাপতি আগামী ৯ ডিসেম্বর ২০২১ তারিখে বেগম রোকেয়া পদক বিতরণ ও বেগম রোকেয়া দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে গঠিত 'ডিজিটাল পদ্ধতিতে অনুষ্ঠান আয়োজন বিষয়ক উপকমিটি'র উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অনলাইন সভার কার্যক্রম শুরু করেন। আলোচনাক্রমে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১।	সাউন্ড সিস্টেম এবং এলইডি স্ক্রীন	অনুষ্ঠানের অডিও কাভারেজের জন্য উন্নত সাউন্ড সিস্টেম এবং এলইডি স্ক্রীন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	সাউন্ড সিস্টেম এবং প্রয়োজনীয় এলইডি স্ক্রীন ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম কর্তৃক সরবরাহ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২।	ভিডিও কনফারেন্স ক্যামেরা কাভারেজ	অডিটরিয়ামের সকল দর্শককে পরিষ্কারভাবে দেখানো সম্ভব কিনা এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নির্বাচিত ভিডিও কনফারেন্সের জন্য ভেন্ডর অনুষ্ঠানের পূর্বে ক্যামেরা স্থাপন করে দেখবে যাতে সর্বোচ্চ সংখ্যক কাভারেজ দেয়া যায়।
০৩।	ভেন্ডর নির্ধারণ ও কার্যাদেশ প্রদান	ভেন্ডর নির্ধারণ এর বিষয়টি দ্রুত বাস্তবায়নের জন্য আলোচনা হয়।	পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক মহিলা বিষয়ক অধিদপ্তর ভিডিও কনফারেন্স সংশ্লিষ্ট কাজের ভেন্ডর নির্ধারণ ও কার্যাদেশ প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪।	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল গণপূর্ত বিভাগ এবং বাংলাদেশ টেলিভিশনে পত্র প্রেরণ।	ভিডিও কনফারেন্স প্রোগ্রামের কারিগরি বিষয়সমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) হতে নিয়ন্ত্রণ এবং সমন্বয় করা হয় বিধায় উক্ত প্রতিষ্ঠানে অনুষ্ঠানটি হোস্ট করার জন্য পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সমন্বয় শাখা হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং গণপূর্ত বিভাগে সংশ্লিষ্ট বিষয়ে পত্র প্রেরণ করবে। একই সাথে সমন্বয় শাখা হতে বাংলাদেশ টেলিভিশনে অনুষ্ঠানটি সম্প্রচারের জন্যও পত্র প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৮.০০১.২১.১১১

তারিখ: ২১ অগ্রহাষণ ১৪২৮
০৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব, শিশু ও সমন্বয় উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) পরিচালক, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর
- ৫) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) মেইনটেনেন্স ইঞ্জিঃ, কম্পিউটার সেল, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৯) অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ১০) অফিস কপি



মোঃ ইনামুল হক
প্রোগ্রামার